The Daily Star
08 JUNE 2021
TUESDAY

# Take bold initiative to re-skill workforce

## *Speakers urge govt at DCCI-Buet event*

STAR BUSINESS DESK

Bangladesh should sort out the problems facing the industrial sector, ensure wider use of technologies, and take a bold initiative to re-skill the workforce to address the challenges of the fourth industrial revolution, speakers said yesterday.

"Bangladesh is going to be a developing nation. For this, we have to prepare ourselves to identify the problems of the industrial sector and ensure wider use of innovative technology and research," said Prof Satya Prasad Majumder, vice-chancellor of the Bangladesh University of Engineering and Technology (Buet).

Rizwan Rahman, president of the Dhaka Chamber of Commerce and Industry (DCCI), echoed Majumder.

"Considering the challenges of the fourth industrial revolution (4IR), it is the best time to take the initiative of re-skilling and upskilling our workforce," Rahman said. They came up with the comments at a virtual signing of a memorandum of cooperation between the DCCI and Buet, said a press release of the chamber.

Speaking at the ceremony, industry people and academia put emphasis on developing technologies and sector-specific research that met the demand of the industry.

They said Bangladesh was set to encounter a lot of challenges on its way to transformation.

"Buet will also focus on industry-driven research," Majumder.

The industry-academia collaboration will foster skill development as per the needs of industries, Rahman said. DCCI Senior Vice President NKA Mobin, Vice President Monowar Hossain and Buet's Pro-Vice Chancellor Prof Abdul Jabbar Khan were also present.

The Financial Express
08 JUNE 2021 TUESDAY




**Dhaka Chamber of Commerce & Industry (DCCI) and Bangladesh University of Engineering & Technology (BUET) signed a Memorandum of Cooperation (MoC) on Monday virtually. DCCI President Rizwan Rahman and Vice Chancellor of BUET Prof. Satya Prasad Majumder signed the document on behalf of their respective organisations**

# DCCI, BUET join hands to face challenges

**FE REPORT**

Dhaka Chamber of Commerce and Industry (DCCI) and Bangladesh University of Engineering and Technology (BUET) on Monday signed a Memorandum of Cooperation (MoC), aiming at skill development to meet up challenges of the fourth industrial revolution (4IR).

> **Fourth industrial revolution**

DCCI President Rizwan Rahman and BUET ViceChancellor Prof Satya Prasad Majumder signed the MoC on behalf of their respective organisations. The signing ceremony was held virtually.

According to the MoC, both DCCI and BUET will work together to combat the 4IR challenges through skill development as well as to arrange joint research, seminars, webinars, job fairs, business meetings and model developments.

DCCI President Rizwan Rahman said that BUET had been contributing a lot to the country's technological and infrastructural development since its inception.

"Whether it is a matter of any mega infrastructure or disaster management issue, BUET always extends its forerunner role," he said.

He also put high emphasis on developing innovative technologies and sector-specific research as per the demand of the country's industrial sector.

He also said that industry-academia collaboration like this one would foster skill development as per the needs of the industries.

"Considering the need of 4IR, it is the best time to take the initiative of re-skilling and up-skilling our workforce," he added.

BUET Vice Chancellor Prof Satya Prasad Majumder said Bangladesh was going to be a developing nation with an industrial advancement.

For this, "we have to prepare ourselves"to identify the problems of the industrial sector and ensure wider use of innovative technology and research, he said.

Prof Majumder said the university would also focus on industrial demand-driven research.

And for this, he requested DCCI to share relevant data with BUET.

He also said students' integration with the industry was necessary for their skill up-gradation.

DCCI Senior Vice President N K A Mobin, FCS, FCA, Vice President Monowar Hossain, and BUET ProViceChancellor Prof Dr Abdul Jabbar Khan, among others, were also present.

*tonmoy.wardad@gmail.com*

daily sun
TRUE & IMPARTIAL
08 JUNE 2021 TUESDAY

## Challenges of 4IR

# DCCI, BUET ink MoC

**Dhaka Chamber** of Commerce and Industry (DCCI) and Bangladesh University of Engineering and Technology (BUET) on Monday signed a Memorandum of Cooperation (MoC) to work together and face the challenges of 4IR.

DCCI President Rizwan Rahman and Vice Chancellor of BUET Prof. Satya Prasad Majumder signed the document on behalf of their respective organisations, reports UNB.

According to the cooperation agreement, both DCCI and BUET will work together for skill development to meet up the challenges of fourth industrial revolution as well as to arrange joint research, seminars, webinars, job fairs, business meet and model development.

DCCI President Rizwan Rahman said BUET has been contributing a lot in the country's technological and infrastructural development since its inception. "Whether it is a matter of any mega infrastructure or disaster management issues, BUET always extended its forerunner role."

He also put emphasis on developing innovative technologies, sector specific research as per the demand of industry.

The DCCI chief said industry-academia collaboration like this one will foster skill development as per the need of the industries. Considering the need of 4IR, it is the best time to take initiative of re-skilling and up skilling our work force, he added.

Vice Chancellor of BUET Prof. Satya Prasad Majumder said Bangladesh is going to be a developing nation with an industrially advancement.

"For this we have to prepare ourselves identifying the problems of industry sector and ensure wider use of innovative technology and research," he said.

BUET will also focus on the industry driven research. For this he requested for sharing Chamber's business related database with BUET.

He underscored the importance of proper implementation of this cooperation. "There is a need of students' integration with the industry for their skill up gradation."

DCCI Senior Vice President N K A Mobin, FCS, FCA, Vice President Monowar Hossain, BUET's Pro-Vice Chancellor Prof. Dr. Abdul Jabbar Khan, Deans from different Faculties and different Heads of the departments also joined the signing ceremony among others virtually.

THE ASIAN AGE
08 JUNE, 2021 TUESDAY

# DCCI, BUET signs MoC to meet challenges of 4IR

**AA News Desk**

Dhaka Chamber of Commerce & Industry (DCCI) and Bangladesh University of Engineering & Technology (BUET) on Monday signed a Memorandum of Cooperation (MoC) to work together and face the challenges of 4th Industrial Revolution (4IR). DCCI President Rizwan Rahman and Vice Chancellor of BUET Prof. Satya Prasad Majumder signed the document on behalf of their respective organizations, the Unb reports.

According to the cooperation agreement, both DCCI and BUET will work together for skill development to meet up the challenges of fourth industrial revolution as well as to arrange joint research, seminars, webinars, job fairs, business meet and model development.

Bangladesh Post
*a daily with a difference*
08 JUNE 2021 TUESDAY

# DCCI inks memorandum of cooperation with BUET

*Business Desk*

Dhaka Chamber of Commerce & Industry (DCCI) and Bangladesh University of Engineering & Technology (BUET) signed a Memorandum of Cooperation (MoC) on Monday virtually. DCCI

President Rizwan Rahman and Vice Chancellor of BUET Prof. Satya Prasad Majumder signed the document on behalf of their respective organizations.

According to the cooperation agreement, both DCCI and BUET will work together for skill development to meet up the challenges of fourth industrial revolution as well as to arrange joint research, seminars, webinars, job fairs, business meet and model development.




DCCI President Rizwan Rahman said that BUET has been contributing a lot in the country's technological and infrastructural development since its inception.

Whether it is a matter of any mega infrastructure or disaster management issues, BUET always extended its forerunner role. He also put emphasis on developing innovative technologies, sector specific research as per the demand of industry.

He also said that industry-academia collaboration like this one will foster skill development as per the need of the industries. Considering the need of 4IR, it is the best time to take initiative of reskilling and up skilling our work force, he added.

কালের কণ্ঠ
০৮ জুন, ২০২১ মঙ্গলবার

# চতুর্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় একযোগে কাজ করবে ডিসিসিআই ও বুয়েট

**বাণিজ্য ডেস্ক ▷**

শিল্প খাতে নতুন প্রযুক্তির ব্যবহার বাড়াতে ও চতুর্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় কার্যকর উদ্যোগ গ্রহণ করবে ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) এবং বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় (বুয়েট)। পাশাপাশি শিল্প খাতভিত্তিক গবেষণা কার্যক্রম সম্প্রসারণ, যৌথ উদ্যোগে সেমিনার, কর্মশালা, চাকরি মেলা, ব্যবসায়ী সম্মেলন, শিল্প-শিক্ষার সমন্বয়ের জন্য মডেল উন্নয়নেও প্রতিষ্ঠান দুটি একসঙ্গে কাজ করবে। গতকাল ডিসিসিআই ও বুয়েটের মধ্যে এসংক্রান্ত একটি সমঝোতা স্মারক অনলাইনে স্বাক্ষরিত হয়। ঢাকা চেম্বারের সভাপতি রিজওয়ান রাহমান এবং বুয়েটের উপাচার্য অধ্যাপক সত্য প্রসাদ মজুমদার নিজ নিজ প্রতিষ্ঠানের পক্ষে সমঝোতা স্মারকে স্বাক্ষর করেন।

অনুষ্ঠানে ডিসিসিআই সভাপতি রিজওয়ান রাহমান বলেন, 'ছয় দশক ধরে ক্ষুদ্র ও মাঝারি শিল্পোদ্যোক্তাদের উন্নয়নের লক্ষ্যে ঢাকা চেম্বার নিরলসভাবে কাজ করছে। পাশাপাশি সরকারের শিল্পবান্ধব নীতি প্রণয়নে সংশ্লিষ্ট সংস্থার সঙ্গে একযোগে কাজ করছে।' তিনি বলেন, 'দেশের বৃহৎ অবকাঠামো খাতে উন্নয়ন ও পরামর্শ প্রদান, বিশেষ করে প্রাকৃতিক দুর্যোগ মোকাবেলায় প্রয়োজনীয় প্রস্তুতি গ্রহণে বুয়েট সব সময়ই নেতৃত্ব দিয়ে থাকে। চতুর্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় প্রস্তুতি গ্রহণ এবং সর্বোপরি শিল্প খাতের প্রয়োজনের নিরিখে যৌথভাবে খাতভিত্তিক গবেষণা কার্যক্রম বাড়ানোর জন্য ডিসিসিআই সভাপতি আহ্বান জানান।

বুয়েটের উপাচার্য অধ্যাপক সত্য প্রসাদ মজুমদার বলেন, 'বাংলাদেশকে একটি শিল্পোন্নোত দেশ হিসেবে পরিণত হতে হলে শিল্প খাতের বিদ্যমান সমস্যা চিহ্নিতকরণের পাশাপাশি নতুন প্রযুক্তির ব্যবহার নিশ্চিত করার কোনো বিকল্প নেই। আগামীতে বুয়েটের শিক্ষা কার্যক্রমে বিশেষ করে শিল্প খাত বিষয়ক গবেষণা আরো বাড়বে।

বণিক বার্তা

০৮ জুন, ২০২১ মঙ্গলবার সমৃদ্ধির সহযাত্রী



# ডিসিসিআই ও বুয়েটের মধ্যে সমঝোতা স্মারক স্বাক্ষর

ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) এবং বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের (বুয়েট) মধ্যে গতকাল একটি সমঝোতা স্মারক স্বাক্ষর হয়েছে। ঢাকা চেম্বারের সভাপতি রিজওয়ান রাহমান এবং বুয়েটের উপাচার্য অধ্যাপক সত্য প্রসাদ মজুমদার নিজ নিজ প্রতিষ্ঠানের পক্ষে সমঝোতা স্মারকে স্বাক্ষর করেন। এতে উপস্থিত ছিলেন বুয়েটের উপ-উপাচার্য অধ্যাপক ড. আব্দুল জাব্বার খান, ডিসিসিআইয়ের সহসভাপতি মনোয়ার হোসেন প্রমুখ। —বিজ্ঞপ্তি

দৈনিক ইনকিলাব
THE DAILY INQILAB
০৮ জুন, ২০২১ মঙ্গলবার

## শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবিলা

# ঢাকা চেম্বারের সঙ্গে কাজ করবে বুয়েট

**অর্থনৈতিক রিপোর্টার :** চতুর্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবিলায় ঢাকা চেম্বারের সঙ্গে একযোগে কাজ করার ঘোষণা দিয়েছে বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় (বুয়েট)। গতকাল অনলাইনে অনুষ্ঠিত ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) এবং বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের (বুয়েট) মধ্যকার সমঝোতা স্মারক অনুষ্ঠানে এই ঘোষণা দেয়া হয়। ঢাকা চেম্বারের সভাপতি রিজওয়ান রাহমান এবং বুয়েটের ভিসি প্রফেসর সত্য প্রসাদ মজুমদার নিজ নিজ প্রতিষ্ঠানের পক্ষে সমঝোতা স্মারকে স্বাক্ষর করেন।

সমঝোতা স্মারক অনুযায়ী, উভয় প্রতিষ্ঠানই দেশের অর্থনীতির বৃহত্তর স্বার্থে শিল্প খাতে নতুন প্রযুক্তির ব্যবহার বৃদ্ধি ও চতুর্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবিলায় কার্যকর উদ্যোগ গ্রহণের পাশাপাশি শিল্প খাতভিত্তিক গবেষণা কার্যক্রম সম্প্রসারণে কাজ করবে। এছাড়াও ডিসিসিআই এবং বুয়েট যৌথ উদ্যোগে সেমিনার, কর্মশালা, চাকরি মেলা, ব্যবসায়ী সম্মেলন, শিল্প-শিক্ষার সমন্বয়ের জন্য মডেল উন্নয়নে একসঙ্গে কাজ করবে।

অনুষ্ঠানে ডিসিসিআই সভাপতি রিজওয়ান রাহমান বলেন, গত ছয় দশক ধরে বিশেষ করে দেশেরক্ষুদ্র ও মাঝারি শিল্পের উদ্যোক্তাদের উন্নয়নের লক্ষ্যে ঢাকা চেম্বার নিরলসভাবে কাজ করার পাশাপাশি সরকারের শিল্পবান্ধব নীতি প্রণয়নে সংশ্লিষ্ট সংস্থার সঙ্গে একযোগে কাজ করছে। তিনি বলেন, দেশের বৃহৎ অবকাঠামো খাতে উন্নয়ন ও পরামর্শ প্রদান এবং বিশেষ করে প্রাকৃতিক দুর্যোগ মোকাবিলায় প্রয়োজনীয় প্রস্তুতি গ্রহণে বুয়েট সব সময়ই নেতৃত্ব দিয়ে থাকে। বাংলাদেশের শিল্পায়নের গতি ত্বরান্বিত করতে নতুন নতুন প্রযুক্তির ব্যবহার বৃদ্ধি, চতুর্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবিলায় প্রস্তুতি গ্রহণ এবং সর্বোপরি শিল্প খাতের প্রয়োজনের নিরিখে যৌথভাবে খাতভিত্তিক গবেষণা কার্যক্রম বাড়ানোর জন্য ডিসিসিআই সভাপতি আহ্বান জানান। তিনি উল্লেখ করেন, শিল্প-শিক্ষার সমন্বয়ের মাধ্যমে ভবিষ্যৎ প্রজন্মকে একটি দক্ষ মানবসম্পদে রূপান্তরের ক্ষেত্রে স্বাক্ষরিত সমঝোতা স্মারকটি একটি মাইলফলক হিসেবে কাজ করবে। এছাড়াও চতুর্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবিলায় আমাদের মানবসম্পদকে পুনরায় দক্ষ করার লক্ষ্যে এখনই কার্যকর উদ্যোগ গ্রহণ ও তার কার্যকর বাস্তবায়ন সময়ের দাবি।

বুয়েটের ভিসি প্রফেসর সত্য প্রসাদ মজুমদার বলেন, বাংলাদেশকে একটি শিল্পোন্নত দেশ হিসেবে পরিণত হতে হলে, শিল্প খাতের বিদ্যমান সমস্যা চিহ্নিতকরণের পাশাপাশি নতুন প্রযুক্তির ব্যবহার নিশ্চিত করার কোনও বিকল্প নেই। তিনি জানান, আগামীতে বুয়েটের শিক্ষা কার্যক্রমে বিশেষ করে শিল্প খাত বিষয়ক গবেষণা আরও বৃদ্ধি করবে। উপাচার্য আরও বলেন, শিল্প খাতের বৈশ্বিক চ্যালেঞ্জ মোকাবিলার পাশাপাশি শিল্প খাতের সমস্যা সমাধানে শিল্প ও শিক্ষা খাতের সমন্বয় বাড়ানোর বিকল্প নেই। তিনি সমঝোতা চুক্তিটির যথাযথ বাস্তবায়নে বছরভিত্তিক কর্মপরিকল্পনা প্রণয়নেরও প্রস্তাব করেন। দক্ষতা উন্নয়নে তিনি বুয়েটের শিক্ষার্থীদের আরও বেশি হারে শিল্প খাতের সঙ্গে সম্পৃক্ত হওয়ার আহ্বান জানান।

এ সময় ডিসিসিআই ঊর্ধ্বতন সহ-সভাপতি এন কে মবিন, বুয়েটের প্রো-ভিসি প্রফেসর ড. আব্দুল জাব্বার খান, ফ্যাকাল্টির ডিন ও বিভিন্ন বিভাগের প্রধানরা অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

প্রকাশনার ৬৯ বছর
সংবাদ
বাংলাদেশের মুখপত্র
০৮ জুন, ২০২১ মঙ্গলবার

ডিসিসিআই-বুয়েট সমঝোতা স্মারক

# চতুর্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবিলায় একযোগে কাজ করার অঙ্গীকার

**অর্থনৈতিক বার্তা পরিবেশক**

ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) এবং বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় (বুয়েট)-এর মধ্যকার সমঝোতা স্মারক গতকাল অনলাইনে অনুষ্ঠিত হয়। ঢাকা চেম্বারের সভাপতি রিজওয়ান রাহমান এবং বুয়েটের উপাচার্য অধ্যাপক সত্য প্রসাদ মজুমদার নিজ নিজ প্রতিষ্ঠানের পক্ষে সমঝোতা স্মারকে স্বাক্ষর করেন। সমঝোতা অনুযায়ী, চতুর্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবিলায় একযোগে কাজ করার অঙ্গিকার করেছে প্রতিষ্ঠান দুটি। স্বাক্ষরিত সমঝোতা স্মারক অনুযায়ী, উভয় প্রতিষ্ঠানই দেশের অর্থনীতির বৃহত্তর স্বার্থে শিল্পখাতে নতুন প্রযুক্তির ব্যবহার বৃদ্ধি ও চতুর্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবিলায় কার্যকর উদ্যোগ গ্রহণের পাশাপাশি শিল্পখাত ভিত্তিক গবেষণা কার্যক্রম সম্প্রসারণ, এছাড়া ডিসিসিআই এবং বুয়েট যৌথ উদ্যোগে সেমিনার, কর্মশালা, চাকরি মেলা, ব্যবসায়ী সম্মেলন, শিল্প-শিক্ষার সমন্বয়ের জন্য মডেল উন্নয়নে একসঙ্গে কাজ করবে।

অনুষ্ঠানে ডিসিসিআই সভাপতি রিজওয়ান রাহমান বলেন, 'গত ছয়দশক ধরে বিশেষ করে দেশের ক্ষুদ্র ও মাঝারি শিল্পের উদ্যোক্তাদের উন্নয়নের লক্ষ্যে ঢাকা চেম্বার নিরলসভাবে কাজ করার পাশাপাশি সরকারের শিল্পবান্ধব নীতি প্রণয়নে সংশ্লিষ্ট সংস্থার সঙ্গে একযোগে কাজ করছে। দেশের বৃহৎ অবকাঠামো খাতে উন্নয়ন ও পরামর্শ প্রদান এবং বিশেষ করে প্রাকৃতিক দূযোর্গ মোকাবিলায় প্রয়োজনীয় প্রস্তুতি গ্রহণে বুয়েট সবসময়ই নেতৃত্ব দিয়ে থাকে। বাংলাদেশের শিল্পায়নের গতি ত্বরান্বিতকরণে নতুন নতুন প্রযুক্তির ব্যবহার বৃদ্ধি, চতুর্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবিলায় প্রস্তুতি গ্রহণ এবং সর্বোপরি শিল্পখাতের প্রয়োজনের নিরিখে যৌথভাবে খাতভিত্তিক গবেষণা কার্যক্রম বৃদ্ধি করতে হবে। শিল্প-শিক্ষার সমন্বয়ের মাধ্যমে ভবিষৎ প্রজন্মকে একটি দক্ষ মানবসম্পদে রুপান্তরের ক্ষেত্রে স্বাক্ষরিত সমঝোতা স্মারকটি একটি মাইলফলক হিসেবে কাজ করবে। এছাড়া চতুর্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবিলায় আমাদের মানব সম্পদকে পুনঃদক্ষ করার লক্ষ্যে, এখনই কার্যকর উদ্যোগ গ্রহণ ও তার কার্যকর বাস্তবায়ন এখন সময়ের দাবী।'

বুয়েটের উপাচার্য অধ্যাপক সত্য প্রসাদ মজুমদার বলেন, 'বাংলাদেশকে একটি শিল্পন্নোত দেশ হিসেবে পরিণত হতে হলে, শিল্পখাতের বিদ্যমান সমস্যা চিহ্নিতকরনের পাশাপাশি নতুন প্রযুক্তির ব্যবহার নিশ্চিত করার কোন বিকল্প নেই। আগামীতে বুয়েটের শিক্ষা কার্যক্রমে বিশেষকরে শিল্প খাত বিষয়ক গবেষণা আরও বৃদ্ধি করবে। শিল্প খাতের বৈশ্বিক চ্যালেঞ্জ মোকাবিলার পাশাপাশি শিল্প খাতের সমস্যা সমাধানে শিল্প ও শিক্ষা খাতের সমন্বয় বাড়ানোর বিকল্প নেই। সমঝোতা চুক্তিটির যথাযথ বাস্তবায়নে বছর ভিত্তিক কর্মপরিকল্পনা প্রণয়নেরও প্রস্তাব করছি।'

শেয়ার বিজ
The Daily Share Biz
সৃজনের পথে উন্নত স্বদেশ
০৮ জুন, ২০২১ মঙ্গলবার

ডিসিসিআই ও বুয়েটের চুক্তি

# চতুর্থ শিল্পবিপ্লবের চ্যালেঞ্জ মোকাবিলায় একযোগে কাজ করার অঙ্গীকার

**নিজস্ব প্রতিবেদক**

ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) এবং বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের (বুয়েট) মধ্যে গতকাল একটি সমঝোতা স্মারক স্বাক্ষর হয়। ঢাকা চেম্বারের সভাপতি রিজওয়ান রাহমান ও বুয়েটের উপাচার্য অধ্যাপক সত্য প্রসাদ মজুমদার নিজ নিজ প্রতিষ্ঠানের পক্ষে সমঝোতা স্মারকে স্বাক্ষর করেন।

স্বাক্ষরিত সমঝোতা স্মারক অনুযায়ী, উভয় প্রতিষ্ঠানই দেশের অর্থনীতির বৃহত্তর স্বার্থে শিল্প খাতে নতুন প্রযুক্তির ব্যবহার বৃদ্ধি ও চতুর্থ শিল্পবিপ্লবের চ্যালেঞ্জ মোকাবিলায় কার্যকর উদ্যোগ গ্রহণের পাশাপাশি শিল্প খাতভিত্তিক গবেষণা কার্যক্রম সম্প্রসারণের পাশাপাশি ডিসিসিআই ও বুয়েট যৌথ উদ্যোগে সেমিনার, কর্মশালা, চাকরি মেলা, ব্যবসায়ী সম্মেলন, শিল্প-শিক্ষার সমন্বয়ের জন্য মডেল উন্নয়নে একযোগে কাজ করবে।

অনুষ্ঠানে ডিসিসিআই সভাপতি রিজওয়ান রাহমান বলেন, গত ছয় দশক ধরে বিশেষ করে দেশের ক্ষুদ্র ও মাঝারি শিল্পের উদ্যোক্তাদের উন্নয়নের লক্ষ্যে ঢাকা চেম্বার নিরলসভাবে কাজ করার পাশাপাশি সরকারের শিল্পবান্ধব নীতি প্রণয়নে সংশ্লিষ্ট সংস্থার সঙ্গে একযোগে কাজ করছে। তিনি বলেন, দেশের বৃহৎ অকাঠামো খাতে উন্নয়ন ও পরামর্শ প্রদান এবং বিশেষ করে প্রাকৃতিক দুর্যোগ মোকবিলায় প্রয়োজনীয় প্রস্তুতি গ্রহণে বুয়েট সবসময়ই নেতৃত্ব দিয়ে থাকে। বাংলাদেশের শিল্পায়নের গতি ত্বরান্বিত করণে নতুন নতুন প্রযুক্তির ব্যবহার বৃদ্ধি, চতুর্থ শিল্পবিপ্লবের চ্যালেঞ্জ মোকাবিলায় প্রস্তুতি গ্রহণ এবং সর্বোপরি শিল্প খাতের প্রয়োজনের নিরিখে যৌথভাবে খাতভিত্তিক গবেষণা কার্যক্রম বাড়ানোর জন্য ডিসিসিআই সভাপতি আহ্বান জানান।

বুয়েটের উপাচার্য অধ্যাপক সত্য প্রসাদ মজুমদার বলেন, বাংলাদেশকে একটি শিল্পোন্নত দেশ হিসেবে পরিণত হতে হলে শিল্প খাতের বিদ্যমান সমস্যা চিহ্নিতকরণের পাশাপাশি নতুন প্রযুক্তির ব্যবহার নিশ্চিত করার কোনো বিকল্প নেই। তিনি জানান, আগামীতে বুয়েটের শিক্ষা কার্যক্রমে বিশেষ করে শিল্প খাতবিষয়ক গবেষণা আরও বাড়াতে হবে।

আজকালের খবর
০৮ জুন, ২০২১ মঙ্গলবার

## ডিসিসিআই ও বুয়েটের মধ্যে সমঝোতা স্মারক স্বাক্ষর

# চতুর্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবিলায় একযোগে কাজ করার অঙ্গীকার

● অর্থনৈতিক প্রতিবেদক

ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) এবং বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় (বুয়েট)-এর মধ্যকার সমঝোতা স্মারক গতকাল সোমবার অনলাইনে অনুষ্ঠিত হয়। ঢাকা চেম্বারের সভাপতি রিজওয়ান রাহমান এবং বুয়েটের উপাচার্য অধ্যাপক সত্য প্রসাদ মজুমদার নিজ নিজ প্রতিষ্ঠানের পক্ষে সমঝোতা স্মারকে স্বাক্ষর করেন। স্বাক্ষরিত সমঝোতা স্মারক অনুযায়ী, উভয় প্রতিষ্ঠানই দেশের অর্থনীতির বৃহত্তর স্বার্থে শিল্পখাতে নতুন প্রযুক্তির ব্যবহার বৃদ্ধি ও চতুর্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় কার্যকর উদ্যোগ গ্রহণের পাশাপাশি শিল্পখাত ভিত্তিক গবেষণা কার্যক্রম সম্প্রসারণ, এছাড়াও ডিসিসিআই এবং বুয়েট যৌথ উদ্যোগে সেমিনার, কর্মশালা, চাকুরি মেলা, ব্যবসায়ী সম্মেলন, শিল্প-শিক্ষার সমন্বয়ের জন্য মডেল উন্নয়নে একসাথে কাজ করবে।

অনুষ্ঠানে ডিসিসিআই সভাপতি রিজওয়ান রাহমান বলেন, গত ছয়দশক ধরে বিশেষ করে দেশের ক্ষুদ্র ও মাঝারী শিল্পের উদ্যোক্তাদের উন্নয়নের লক্ষ্যে ঢাকা চেম্বার নিরলসভাবে কাজ করার পাশাপাশি সরকারের শিল্পবান্ধব নীতি প্রণয়নে সংশ্লিষ্ট সংস্থার সঙ্গে একযোগে কাজ করছে। তিনি বলেন, দেশের বৃহৎ অকাঠামোখাতে উন্নয়ন ও পরামর্শ প্রদান এবং বিশেষ করে প্রাকৃতিক দূর্যোগ মোকবেলায় প্রয়োজনীয় প্রস্তুতি গ্রহণে বুয়েট সবসময়ই নেতৃত্ব দিয়ে থাকে। বাংলাদেশের শিল্পায়নের গতি ত্বরান্বিতকারণে নতুন নতুন প্রযুক্তির ব্যবহার বৃদ্ধি, চতুর্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় প্রস্তুতি গ্রহণ এবং সর্বোপরি শিল্পখাতের প্রয়োজনের নিরিখে যৌথভাবে খাতভিত্তিক গবেষণা কার্যক্রম বাড়ানোর জন্য ডিসিসিআই সভাপতি আহ্বান জানান। তিনি উল্লেখ করেন, শিল্প-শিক্ষার সমন্বয়ের মাধ্যমে ভবিষৎ প্রজন্মকে একটি দক্ষ মানবসম্পদে রুপান্তরের ক্ষেত্রে স্বাক্ষরিত সমঝোতা স্মারকটি একটি মাইলফলক হিসেবে কাজ করবে। এছাড়াও চতুর্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় আমাদের মানব সম্পদকে পুনঃদক্ষ করার লক্ষ্যে, এখনই কার্যকর উদ্যোগ গ্রহণ ও তার কার্যকর বাস্তবায়ন এখন সময়ের দাবী বলে, ঢাকা চেম্বারের সভাপতি মত প্রকাশ করেন।

বুয়েটের উপাচার্য অধ্যাপক সত্য প্রসাদ মজুমদার বলেন, বাংলাদেশকে একটি শিল্পন্নোত দেশ হিসেবে পরিণত হতে হলে, শিল্পখাতের বিদ্যমান সমস্যা চিহ্নিতকরনের পাশাপার্শি নতুন প্রযুক্তির ব্যবহার নিশ্চিত করার কোন বিকল্প নেই। তিনি জানান, আগামীতে বুয়েটের শিক্ষা কার্যক্রমে বিশেষকরে শিল্পখাত বিষয়ক গবেষণা আরো বৃদ্ধি করবে। উপাচার্য আরো বলেন, শিল্পখাতের বৈশ্বিক চ্যালেঞ্জ মোকাবেলার পাশাপাশি শিল্পখাতের সমস্যা সমাধানে শিল্প ও শিক্ষা খাতের সমন্বয় বাড়ানো বিকল্প নেই। তিনি সমঝোতা চুক্তিটির যথাযথ বাস্তবায়নে বছর ভিত্তিক কর্মপরিকল্পনা প্রণয়নেরও প্রস্তাব করেন। দক্ষতা উন্নয়নে তিনি বুয়েটের শিক্ষার্থীদের আরো বেশি হারে শিল্পখাতের সঙ্গে সম্পৃক্ত হওয়ার আহ্বান জানান। ডিসিসিআই উর্ধ্বতন সহ-সভাপতি এন কে মবিন, এফসিএস, এফসিএ অনুষ্ঠানে ধন্যবাদ জ্ঞাপন করেন। বুয়েটের উপ-উপাচার্য প্রফেসর ড. আব্দুল জাব্বার খান, ফ্যাকাল্টি'র ডীনবৃন্দ ও বিভিন্ন বিভাগের প্রধানগন, ডিসিসিআই'র সহ-সভাপতি মনোয়ার হোসেন প্রমূখ সমঝোতা স্মারক স্বাক্ষর অনুষ্ঠানে যোগদান করেন।

আমাদের অর্থনীতি
০৮ জুন, ২০২১ মঙ্গলবার

# চতুর্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলা

## ডিসিসিআই বুয়েটের সমঝোতা স্মারক স্বাক্ষর

ইউএনবি : চতুর্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবিলায় একযোগে কাজ করার অঙ্গীকার নিয়ে ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) এবং বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের (বুয়েট) মধ্যকার একটি সমঝোতা স্মারক সাক্ষর হয়েছে।

ঢাকা চেম্বারের সভাপতি রিজওয়ান রাহমান এবং বুয়েটের উপাচার্য অধ্যাপক সত্য প্রসাদ মজুমদার নিজ নিজ প্রতিষ্ঠানের পক্ষে সোমবার এই সমঝোতা স্মারকে স্বাক্ষর করেন। স্বাক্ষরিত সমঝোতা স্মারক অনুযায়ী, উভয় প্রতিষ্ঠানই দেশের অর্থনীতির বৃহত্তর স্বার্থে শিল্পখাতে নতুন প্রযুক্তির ব্যবহার বৃদ্ধি ও চতুর্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবিলায় কার্যকর উদ্যোগ গ্রহণের পাশাপাশি শিল্পখাত ভিত্তিক গবেষণা কার্যক্রম সম্প্রসারণ, ডিসিসিআই এবং বুয়েট যৌথ উদ্যোগে সেমিনার, কর্মশালা, চাকরি মেলা, ব্যবসায়ী সম্মেলন, শিল্প-শিক্ষার সমন্বয়ের জন্য মডেল উন্নয়নে একসাথে কাজ করবে। অনুষ্ঠানে ডিসিসিআই সভাপতি রিজওয়ান রাহমান বলেন, গত ছয় দশক ধরে বিশেষ করে দেশের ক্ষুদ্র ও মাঝারী শিল্পের উদ্যোক্তাদের উন্নয়নের লক্ষ্যে ঢাকা চেম্বার নিরলসভাবে কাজ করার পাশাপাশি সরকারের শিল্পবান্ধব নীতি প্রণয়নে সংশ্লিষ্ট সংস্থার সাথে একযোগে কাজ করছে।

তিনি বলেন, দেশের বৃহৎ অবকাঠামোখাতে উন্নয়ন ও পরামর্শ প্রদান এবং বিশেষ করে প্রাকৃতিক দুর্যোগ মোকবেলায় প্রয়োজনীয় প্রস্তুতি গ্রহণে বুয়েট সবসময়ই নেতৃত্ব দিয়ে থাকে। বাংলাদেশের শিল্পায়নের গতি তরান্বিতকরণে নতুন নতুন প্রযুক্তির ব্যবহার বৃদ্ধি, চতুর্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় প্রস্তুতি গ্রহণ এবং সর্বোপরি শিল্পখাতের প্রয়োজনের নিরিখে যৌথভাবে খাতভিত্তিক গবেষণা কার্যক্রম বাড়ানোর জন্য ডিসিসিআই সভাপতি আহ্বান জানান।

ডিসিসিআই সভাপতি উল্লেখ করেন, 'শিল্প-শিক্ষার সমন্বয়ের মাধ্যমে ভবিষৎ প্রজন্মকে একটি দক্ষ মানবসম্পদে রুপান্তরের ক্ষেত্রে স্বাক্ষরিত সমঝোতা স্মারকটি একটি মাইলফলক হিসেবে কাজ করবে। এছাড়াও চতুর্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় আমাদের মানব সম্পদকে পুনঃদক্ষ করার লক্ষ্যে, এখনই কার্যকর উদ্যোগ গ্রহণ ও তার কার্যকর বাস্তবায়ন এখন সময়ের দাবী।' বুয়েট উপাচার্য অধ্যাপক সত্য প্রসাদ মজুমদার বলেন, বাংলাদেশকে একটি শিল্পন্নোত দেশ হিসেবে পরিণত হতে হলে, শিল্পখাতের বিদ্যমান সমস্যা চিহ্নিতকরনের পাশাপাশি নতুন প্রযুক্তির ব্যবহার নিশ্চিত করার কোন বিকল্প নেই। তিনি জানান, আগামীতে বুয়েটের শিক্ষা কার্যক্রমে বিশেষকরে শিল্পখাত বিষয়ক গবেষণা আরো বৃদ্ধি করবে। শিল্পখাতের বৈশ্বিক চ্যালেঞ্জ মোকাবিলার পাশাপাশি শিল্পখাতের সমস্যা সমাধানে শিল্প ও শিক্ষা খাতের সমন্বয় বাড়ানো বিকল্প নেই।

এছাড়া তিনি সমঝোতা চুক্তিটির যথাযথ বাস্তবায়নে বছর ভিত্তিক কর্মপরিকল্পনা প্রণয়নেরও প্রস্তাব করেন। এসময় তিনি দক্ষতা উন্নয়নে বুয়েটের শিক্ষার্থীদের আরও বেশি হারে শিল্পখাতের সাথে সম্পৃক্ত হওয়ার আহ্বান জানান।

অনুষ্ঠানে ডিসিসিআইয়ের উর্ধ্বতন সহ সভাপতি এন কে মবিন, বুয়েটের উপ-উপাচার্য প্রফেসর ড. আব্দুল জাব্বার খান, ফ্যাকাল্টি'র ডীন ও বিভিন্ন বিভাগের প্রধানরা, ডিসিসিআই'র সহ-সভাপতি মনোয়ার হোসেন প্রমুখ উপস্থিত ছিলেন।

নতুন ধারার দৈনিক
আমাদের সময়
০৮ জুন, ২০২১ মঙ্গলবার

# ডিসিসিআই বুয়েট একসঙ্গে কাজ করবে

**নিজস্ব প্রতিবেদক ●**
চতুর্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবিলায় একসঙ্গে কাজ করবে ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) এবং বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় (বুয়েট)। এ লক্ষ্যে গতকাল ডিসিসিআই ও বুয়েটের মধ্যে সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়। ঢাকা চেম্বারের সভাপতি রিজওয়ান রাহমান এবং বুয়েটের উপাচার্য সত্যপ্রসাদ মজুমদার এ স্মারকে স্বাক্ষর করেন।

সমঝোতা স্মারক অনুযায়ী, উভয় প্রতিষ্ঠানই দেশের অর্থনীতির বৃহত্তর স্বার্থে শিল্প খাতে নতুন প্রযুক্তির ব্যবহার বৃদ্ধি ও চতুর্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবিলায় কার্যকর উদ্যোগ গ্রহণের পাশাপাশি শিল্প খাতভিত্তিক গবেষণা কার্যক্রম সম্প্রসারণ, যৌথ উদ্যোগে সেমিনার, কর্মশালা, চাকরি মেলা, ব্যবসায়ী সম্মেলন, শিল্প-শিক্ষার সমন্বয়ের জন্য মডেল উন্নয়নে একসঙ্গে ■ এরপর পৃষ্ঠা ৯, কলাম ৪

**(তৃতীয় পৃষ্ঠার পর)** কাজ করবে।

অনুষ্ঠানে ডিসিসিআই সভাপতি রিজওয়ান রাহমান বলেন, শিল্প-শিক্ষার সমন্বয়ের মাধ্যমে ভবিষ্যৎ প্রজন্মকে একটি দক্ষ মানবসম্পদে রূপান্তরের ক্ষেত্রে স্মারকটি একটি মাইলফলক হিসেবে কাজ করবে।

বুয়েট উপাচার্য সত্যপ্রসাদ মজুমদার বলেন, শিল্প খাতের বৈশ্বিক চ্যালেঞ্জ মোকাবিলার পাশাপাশি শিল্প খাতের সমস্যা সমাধানে শিল্প ও শিক্ষা খাতের সমন্বয় বাড়ানোর বিকল্প নেই। তিনি সমঝোতা চুক্তিটির যথাযথ বাস্তবায়নে বছরভিত্তিক কর্মপরিকল্পনা প্রণয়নেরও প্রস্তাব করেন। ডিসিসিআই ঊর্ধ্বতন সহসভাপতি এনকে মবিন অনুষ্ঠানে ধন্যবাদ জ্ঞাপন করেন। বুয়েটের উপ-উপাচার্য আব্দুল জাব্বার খান, ফ্যাকাল্টির ডিন ও বিভিন্ন বিভাগের প্রধান, ডিসিসিআইর সহসভাপতি মনোয়ার হোসেন প্রমুখ অনুষ্ঠানে যোগদান করেন।

বাংলা ট্রিবিউন

# শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবিলায় ঢাকা চেম্বারের সঙ্গে কাজ করবে বুয়েট

বাংলা ট্রিবিউন রিপোর্ট

০৭ জুন ২০২১, ১৬:৫২




শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবিলায় ঢাকা চেম্বারের সঙ্গে কাজ করবে বুয়েট

চতুর্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবিলায় ঢাকা চেম্বারের সঙ্গে একযোগে কাজ করার ঘোষণা দিয়েছে বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় (বুয়েট)।

সোমবার (৭ জুন) অনলাইনে অনুষ্ঠিত ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) এবং বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের (বুয়েট) মধ্যকার সমঝোতা স্মারক অনুষ্ঠানে এই ঘোষণা দেওয়া হয়। ঢাকা চেম্বারের সভাপতি রিজওয়ান রাহমান এবং বুয়েটের উপাচার্য অধ্যাপক সত্য প্রসাদ মজুমদার নিজ নিজ প্রতিষ্ঠানের পক্ষে সমঝোতা স্মারকে স্বাক্ষর করেন।

সমঝোতা স্মারক অনুযায়ী, উভয় প্রতিষ্ঠানই দেশের অর্থনীতির বৃহত্তর স্বার্থে শিল্প খাতে নতুন প্রযুক্তির ব্যবহার বৃদ্ধি ও চতুর্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবিলায় কার্যকর উদ্যোগ গ্রহণের পাশাপাশি শিল্প খাতভিত্তিক গবেষণা কার্যক্রম সম্প্রসারণে কাজ করবে। এছাড়াও ডিসিসিআই এবং বুয়েট যৌথ উদ্যোগে সেমিনার, কর্মশালা, চাকরি মেলা, ব্যবসায়ী সম্মেলন, শিল্প-শিক্ষার সমন্বয়ের জন্য মডেল উন্নয়নে একসঙ্গে কাজ করবে।

অনুষ্ঠানে ডিসিসিআই সভাপতি রিজওয়ান রাহমান বলেন, গত ছয় দশক ধরে বিশেষ করে দেশের ক্ষুদ্র ও মাঝারি শিল্পের উদ্যোক্তাদের উন্নয়নের লক্ষ্যে ঢাকা চেম্বার নিরলসভাবে কাজ করার পাশাপাশি সরকারের শিল্পবান্ধব নীতি প্রণয়নে সংশ্লিষ্ট সংস্থার সঙ্গে একযোগে কাজ করছে। তিনি বলেন, দেশের বৃহৎ অবকাঠামো খাতে উন্নয়ন ও পরামর্শ প্রদান এবং বিশেষ করে প্রাকৃতিক দুর্যোগ মোকাবিলায় প্রয়োজনীয় প্রস্তুতি গ্রহণে বুয়েট সব সময়ই নেতৃত্ব দিয়ে থাকে। বাংলাদেশের শিল্পায়নের গতি ত্বরান্বিত করতে নতুন নতুন প্রযুক্তির ব্যবহার বৃদ্ধি, চতুর্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবিলায় প্রস্তুতি গ্রহণ এবং সর্বোপরি শিল্প খাতের প্রয়োজনের নিরিখে যৌথভাবে খাতভিত্তিক গবেষণা কার্যক্রম বাড়ানোর জন্য ডিসিসিআই সভাপতি আহ্বান জানান। তিনি উল্লেখ করেন, শিল্প-শিক্ষার সমন্বয়ের মাধ্যমে ভবিষ্যৎ প্রজন্মকে একটি দক্ষ মানবসম্পদে রূপান্তরের ক্ষেত্রে স্বাক্ষরিত সমঝোতা স্মারকটি একটি মাইলফলক হিসেবে কাজ করবে। এছাড়াও চতুর্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবিলায় আমাদের মানবসম্পদকে পুনরায় দক্ষ করার লক্ষ্যে এখনই কার্যকর উদ্যোগ গ্রহণ ও তার কার্যকর বাস্তবায়ন সময়ের দাবি।

বুয়েটের উপাচার্য অধ্যাপক সত্য প্রসাদ মজুমদার বলেন, বাংলাদেশকে একটি শিল্পোন্নত দেশ হিসেবে পরিণত হতে হলে, শিল্প খাতের বিদ্যমান সমস্যা চিহ্নিতকরণের পাশাপাশি নতুন প্রযুক্তির ব্যবহার নিশ্চিত করার কোনও বিকল্প নেই। তিনি জানান, আগামীতে বুয়েটের শিক্ষা কার্যক্রমে বিশেষ করে শিল্প খাত বিষয়ক গবেষণা আরও বৃদ্ধি করবে। উপাচার্য আরও বলেন, শিল্প খাতের বৈশ্বিক চ্যালেঞ্জ মোকাবিলার পাশাপাশি শিল্প খাতের সমস্যা সমাধানে শিল্প ও শিক্ষা খাতের সমন্বয় বাড়ানোর বিকল্প নেই। তিনি সমঝোতা চুক্তিটির যথাযথ বাস্তবায়নে বছরভিত্তিক কর্মপরিকল্পনা প্রণয়নেরও প্রস্তাব করেন। দক্ষতা উন্নয়নে তিনি বুয়েটের শিক্ষার্থীদের আরও বেশি হারে শিল্প খাতের সঙ্গে সম্পৃক্ত হওয়ার আহ্বান জানান।

এ সময় ডিসিসিআই ঊর্ধ্বতন সহ-সভাপতি এন কে মবিন, বুয়েটের উপ-উপাচার্য প্রফেসর ড. আব্দুল জাব্বার খান, ফ্যাকাল্টির ডিন ও বিভিন্ন বিভাগের প্রধানরা অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।